গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১ তেজগাঁও শি/এ, ঢাকা।
www.bnfe.gov.bd

স্মারক নং: ৩৮.০০.০০০০.৩০২.০২.০১৫ (অংশ-৬).২৫-২৮৬

তারিখঃ ২৮ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ৯৫ জুন ২০২৬

প্রেরক: মহাপরিচালক
উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো
২৩২/১, তেজগাঁও শি/এ, ঢাকা।

প্রাপক : ১। চিফ একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসার, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, সচিবালয় ভবন, ৩য় ফেইজ (৫ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।

২। বিভাগীয় হিসাব নিয়ন্ত্রক/জেলা একাউন্টস এন্ড ফিন্যান্স অফিসারের কার্যালয়ঃ ঢাকা, মানিকগঞ্জ, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, টাংগাইল, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, মাদারীপুর, ফরিদপুর, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, খুলনা, বাগেরহাট, যশোর, সাতক্ষীরা, নড়াইল, ঝিনাইদহ, মাগুড়া, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, পটুয়াখালী, বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার।

বিষয় : চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো কার্যালয়সমূহের অনুকূলে বরাদ্দকৃত অর্থহতে জেলা পর্যায়ে কর্মরত কর্মকর্তা ও কর্মচারীদের ৬০টি জেলায় বেতন ভাতাদিসহ অন্যান্য খাতে ৫৮,৭৫,৩১০.০০ (আটান্ন লক্ষ পঁচাত্তর হাজার তিনশত দশ মাত্র) টাকা সম্পূরক বরাদ্দের মঞ্জুরী জ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, চলতি ২০২৫-২০২৬ অর্থবছরের জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর জেলা কার্যালয়সমূহের অনুকূলে ১৮,১৯,৫০.০০ (আঠার কোটি উনিশ লক্ষ পঞ্চাশ হাজার মাত্র) হাজার টাকার সংশোধিত বাজেট বিভাজন প্রাগম হতে পাওয়া যায় । উক্ত বরাদ্দকৃত ৫৮,৭৫,৩১০.০০ (আটান্ন লক্ষ পঁচাত্তর হাজার তিনশত দশ মাত্র) টাকা হতে জেলা পর্যায়ে কর্মরত ৬০ জন সহকারী পরিচালকের অনুকূলে বেতন ভাতাদিসহ অন্যান্য খাতের ব্যয় নির্বাহের জন্য সম্পূরক বরাদ্দের অর্থ মঞ্জুরী নির্দেশক্রমে জারী করা হলো।

ব্যয়ের শর্তাবলী:-

১. এই অর্থ প্রাতিষ্ঠানিক কোড ১২৪০৩০২-জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো'র কার্যালয়সমূহ, অপারেশন কোড ১২৪০৩০২০০০০০০- জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর কার্যালয়সমূহের অনুকূলে চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরে বরাদ্দকৃত অর্থ হতে উপরিলিখিত খাতসমূহ বরাদ্দ দেয়া হলো এবং সে অনুযায়ী ব্যয় করতে হবে।

২. চলতি ২০২৫-২০২৬ অর্থ বছরের মধ্যে উপরে বর্ণিত খাতের বিপরীতে বরাদ্দকৃত অর্থ খরচ করা যাবে। তবে কোন অবস্থাতেই বরাদ্দের অতিরিক্ত বা এক খাতের টাকা অন্য খাতে ব্যয় করা যাবে না। বিদ্যমান আর্থিক বিধি বিধান যথাযথভাবে অনুসরণ করতে হবে।

৩. এ অর্থ খরচ করার ক্ষেত্রে সংশ্লিষ্ট সহকারী পরিচালক আয়ন ও ব্যয়ন কর্মকর্তার দায়িত্ব পালন করবেন এবং যে কোন অনিয়মিত ব্যয়ের জন্য তিনি ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৪. ২০২৫-২৬ অর্থবছরে প্রেরিত বাজেটের বিপরীতে সব বিল সফট্ওয়্যারের মাধ্যমে করতে হবে এবং আইবাস++ এর ব্যয়ের রিপোর্টের সাথে সফট্ওয়্যারের ব্যয়ের রিপোর্টের মিল থাকতে হবে। যদি কোন প্রকার ত্রুটি/হিসাবের গড়মিল পাওয়া যায় তাহলে সংশ্লিষ্ট সহকারী পরিচালক ব্যক্তিগতভাবে দায়ী থাকবেন।

৫. এখন থেকে আর কোন প্রকার ব্যয় বিবরনী ও বাজেট চাহিদার হার্ডকপি উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরোর প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে না।

৬. প্রতিমাসের ব্যয়িত টাকার হিসাব বিবরণী পরবর্তী মাসের ৩ তারিখের মধ্যে সফটওয়্যারের মাধ্যমে প্রধান কার্যালয়ে প্রাপ্তি নিশ্চিত করতে হবে।

৭. ব্যয়িত টাকার সমর্থনে রেভিনিউ ষ্ট্যাম্পের উপর (প্রযোজ্য ক্ষেত্রে) স্বাক্ষরযুক্ত ভাউচারসমূহ ভবিষ্যৎ নিরীক্ষার জন্য যত্নসহকারে সংরক্ষণ করতে হবে। প্রধান কার্যালয়ে প্রয়োজনে যে কোন সময় ভাউচারসমূহ তলব করা হতে পারে। কাজেই ভাউচারসমূহ এমনভাবে সংরক্ষণ করতে হবে যাতে স্বল্প সময়ের নোটিশে তা অত্র কার্যালয়ে দাখিল করা যায়।

৮. বিধি মোতাবেক ভ্যাট/ট্যাক্স কর্তন করতে হবে।

৯. বিদ্যুৎ, পেট্রোল ওয়েল লুব্রিকেন্ট ও ভ্রমণ ব্যয়ের ক্ষেত্রে অর্থ মন্ত্রণালয়ের ৫ এপ্রিল' ২০২৬ তারিখের ০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-৫৯৬ স্মারকের পরিপত্র অনুসরণ করতে হবে (পরিপত্র সংযুক্ত)।

১৫/০৬/২০২৬
(আহসান হাবীব)
উপ-পরিচালক (অর্থ ও বাজেট)

স্মারক নং: ৩৮.০০.০০০০.৩০২.০২.০১৫ (অংশ-৬).২৫-২৮৬ তারিখঃ ২৭ জ্যৈষ্ঠ ১৪৩৩ / ১০ জুন ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরিত হল ঃ

১। সচিব, প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

২। সহকারী প্রোগ্রামার, উশিব্যু, (বরাদ্দপত্রটি ব্যুরোর ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো)।

৩। সহকারী পরিচালক, জেলা উপানুষ্ঠানিক শিক্ষা ব্যুরো, ঢাকা, মানিকগঞ্জ, গাজীপুর, মুন্সীগঞ্জ, নারায়ণগঞ্জ, নরসিংদী, টাংগাইল, কিশোরগঞ্জ, গোপালগঞ্জ, রাজবাড়ী, শরিয়তপুর, মাদারীপুর, ফরিদপুর, ময়মনসিংহ, জামালপুর, শেরপুর, নেত্রকোনা, চট্টগ্রাম, কক্সবাজার, বান্দরবান, খাগড়াছড়ি, রাঙ্গামাটি, নোয়াখালী, লক্ষ্মীপুর, কুমিল্লা, চাঁদপুর, ব্রাহ্মণবাড়ীয়া, রাজশাহী, চাঁপাইনবাবগঞ্জ, নওগাঁ, নাটোর, পাবনা, সিরাজগঞ্জ, বগুড়া, জয়পুরহাট, রংপুর, কুড়িগ্রাম, নীলফামারী, লালমনিরহাট, দিনাজপুর, ঠাকুরগাঁও, পঞ্চগড়, খুলনা, বাগেরহাট, যশোর, সাতক্ষীরা, নড়াইল, ঝিনাইদহ, মাগুড়া, কুষ্টিয়া, মেহেরপুর, চুয়াডাঙ্গা, পটুয়াখালী, বরিশাল, ঝালকাঠী, পিরোজপুর, ভোলা, সিলেট, হবিগঞ্জ, মৌলভীবাজার।

১৫/০৬/২০২৬
(আহসান হাবীব)
উপ-পরিচালক (অর্থ ও বাজেট)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগ
বাজেট অনুবিভাগ-১, শাখা-১
www.mof.gov.bd

স্মারক নং-০৭.১০১.০২০.০০.০০.০০৯.২০২২-৫৯৬

তারিখ: ২২ চৈত্র ১৪৩২ / ০৫ এপ্রিল ২০২৬

# পরিপত্র

বিষয়ঃ **২০২৫-২৬ অর্থবছরের সংশোধিত বাজেটের কতিপয় ব্যয় স্থগিত/হ্রাসকরণ।**

মধ্যপ্রাচ্যের চলমান উত্তেজনা ও যুদ্ধের ফলে উদ্ভূত বৈশ্বিক পরিস্থিতি বিবেচনায় ২০২৫-২৬ অর্থবছরে সকল সরকারি, স্বায়ত্তশাসিত, রাষ্ট্রায়ত্ত, সংবিধিবদ্ধ, পাবলিক সেক্টর কর্পোরেশন এবং রাষ্ট্রীয় মালিকানাধীন কোম্পানী ও আর্থিক প্রতিষ্ঠানসমূহের সংশোধিত বাজেটে কতিপয় খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয়ে সরকার নিম্নোক্ত সিদ্ধান্ত গ্রহণ করেছেঃ

এই আদেশ জারির তারিখ হতে চলতি ২০২৫-২৬ অর্থবছরের অবশিষ্ট সময়ে সংশোধিত বাজেটের আওতায় নিম্নবর্ণিত অর্থনৈতিক কোডসমূহে প্রদর্শিত বরাদ্দ নিম্নোক্তভাবে ব্যয় করা যাবে:

(১) '৩২১১১০৬-আপ্যায়ন ব্যয়' খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(২) মন্ত্রণালয়/বিভাগ/দপ্তর কর্তৃক পরিচালিত অভ্যন্তরীণ প্রশিক্ষণ (৩২৩১৩০১) খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে। তবে বিভিন্ন সরকারি প্রশিক্ষণ ইনস্টিটিউট কর্তৃক পরিচালিত প্রশিক্ষণসমূহ এর আওতা বহির্ভূত থাকবে;

(৩) সরকারি অর্থায়নে সকল ধরনের বৈদেশিক প্রশিক্ষণ/সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপে অংশগ্রহণ বন্ধ থাকবে;

(৪) '৩২১১১১৩-বিদ্যুৎ', '৩২৪৩১০১-পেট্রোল, অয়েল ও লুব্রিকেন্ট', '৩২৪৩১০২-গ্যাস ও জ্বালানি' ও '৩২৪৪১০১-ভ্রমণ ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৭০% ব্যয় করা যাবে। এর অতিরিক্ত ব্যয় করলে ভবিষ্যতে কোনো বকেয়া দাবী করা যাবে না;

(৫) '৩২১১১১১-সেমিনার/কনফারেন্স ব্যয়' খাতে অবশিষ্ট অর্থের সর্বোচ্চ ৮০% ব্যয় করা যাবে। তবে সকল ধরনের সভা/সেমিনার/কনফারেন্স/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ এর আপ্যায়ন ব্যয়ে ৫০% ব্যয় করা যাবে;

(৬) সকল ধরনের যানবাহন ক্রয় ('৪১১২১০১-মোটরযান', '৪১১২১০২-জলযান', '৪১১২১০৩-আকাশযান') খাতে বরাদ্দকৃত অর্থ ব্যয় বন্ধ থাকবে;

(৭) আবাসিক (৪১১১১০১)/অনাবাসিক (৪১১১২০১)/অন্যান্য ভবন স্থাপনা (৪১১১৩১৭) খাতে অবশিষ্ট অর্থের ৫০% ব্যয় করা যাবে। তবে চলমান নির্মাণ কাজ ন্যূনতম ৭০ শতাংশ সম্পন্ন হয়ে থাকলে অর্থ বিভাগের অনুমোদনক্রমে ব্যয় নির্বাহ করা যাবে;

(৮) '৩২৫৮১৪১-অভ্যন্তরীণ শোভাবর্ধন' এবং '৪১১১৩২৫-অভ্যন্তরীণ শোভাবর্ধন' উভয় খাতে অব্যয়িত অর্থের সর্বোচ্চ ৫০% ব্যয় করা যাবে;

(৯) '৪১১২২০২-কম্পিউটার ও আনুষঙ্গিক' খাতে ব্যয় বন্ধ থাকবে;

(১০) পরিচালন বাজেটের আওতায় '৪১৪১১০১-ভূমি অধিগ্রহণ' খাতে ব্যয় বন্ধ থাকবে। তবে উন্নয়ন বাজেটের ক্ষেত্রে অধিগ্রহণ কার্যক্রমের সকল আনুষ্ঠানিকতা প্রতিপালনপূর্বক অর্থ বিভাগের পূর্বানুমোদন গ্রহণ সাপেক্ষে ব্যয় করা যাবে; এবং

(১১) সরকারি কর্মচারীদের গাড়ী ক্রয়ে সুদমুক্ত বিশেষ অগ্রিম (৭২১৫১০৩-সুদমুক্ত ঋণ) প্রদান বন্ধ থাকবে।

(মোহাম্মদ জাকির হোসেন)
উপসচিব
☎ ৯৫১ ৪১৪৬
ই-মেইলঃ zakirh@finance.gov.bd

**বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
২. প্রধানমন্ত্রীর মুখ্য সচিব, প্রধানমন্ত্রীর কার্যালয়, পুরাতন সংসদ ভবন, তেজগাঁও, ঢাকা
৩. বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রকের কার্যালয়, কাকরাইল, ঢাকা
৪. প্রিন্সিপাল স্টাফ অফিসার, সশস্ত্র বাহিনী বিভাগ, ঢাকা
৫. সিনিয়র সচিব/সচিব, ......................................, মন্ত্রণালয়/বিভাগ
৬. সামরিক সচিব, আপন বিভাগ, রাষ্ট্রপতির কার্যালয়, বঙ্গভবন, ঢাকা
৭. হিসাব মহানিয়ন্ত্রক, হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয়, সেগুনবাগিচা, ঢাকা (সকল প্রধান হিসাবরক্ষণ ও অর্থ কর্মকর্তা-কে নির্দেশনা প্রদানের অনুরোধসহ)

CamScanner